দিনাজপুর জেলা চোরাচালান নিরোধ সমন্বয় কমিটির মাসিক সভার কার্য বিবরণী

সভাপতি : মীর খায়রুল আলম
জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।
সভার স্থান : জেলা ম্যাজিস্ট্রেটের সভা কক্ষ।
আলোচ্য মাস : সেপ্টেম্বর ২০১৭ খ্রি.।
সভার তারিখ : ০৮ অক্টোবর ২০১৭ খ্রি.।
সভার সময় : সকাল ১০.০০ ঘটিকা।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক গত ০৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা চোরাচালান নিরোধ সমন্বয় কমিটির সভার কার্য বিবরণীপাঠ করে শুনানো হয়। কার্য বিবরণীতে কোন সংশোধন/সংযোজন না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা অনুষ্ঠিত হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

আলোচ্যসূচি - ১। চোরাচালান প্রতিরোধে বিভিন্ন সংস্থা কর্তৃক পরিচালিত অভিযান :

চোরাচালান প্রতিরোধে বিজিবি কর্তৃপক্ষের সেপ্টেম্বর/২০১৭ মাসের কার্য ক্রম

সংস্থার নাম	অভিযানের সংখ্যা	দায়েরকৃত মামলার সংখ্যা		জব্দকৃত মালামালের মূল্য	আটককৃত আসামীর সংখ্যা	অভিযানের মধ্যে মোবাইল কোর্টের মামলার সংখ্যা
		জিডি মূলে	নিয়মিত			
১	২	৩	৪	৫	৬	৭
৪২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, দিনাজপুর।	১০৬৯	০৬	০৫	৮,০২,৪৬০/-	০৫	-
২০ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, জয়পুরহাট।	৭১৪	১২৩	০৩	৫৫,৬৮,১৩০/-	০১	-
২৯ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, ফুলবাড়ী, দিনাজপুর।	১৮৮০	৯১	০৭	২৪,০৪,২৫৫/-	১৪	-
সর্ব মোট =	৩৬৬৩	২২০	১৫	৮৭,৭৪,৮৪৫/-	২০	

১.১. বিবেচ্য সেপ্টেম্বর/১৭ মাসে ৪২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, দিনাজপুর কর্তৃক ১০৬৯ টি, ২০ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, জয়পুরহাট ৭১৪টি এবং ২৯ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, ফুলবাড়ী কর্তৃক ১৮৮০ টি সর্ব মোট৩৬৬৩ টি অভিযানে ৮৭,৭৪,৮৪৫/- টাকার বিভিন্ন ধরনের মালামাল আটক করা হয়। এ সকল অভিযানে ২০ জন আসামীকে আটক করা হয় এবং ২২০ টি জিডিমূলে ও ১৫ টি নিয়মিত মামলা দায়ের করা হয়। আগস্ট/১৭ মাসে ৪২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, দিনাজপুর কর্তৃক ৯৮৯ টি, ২০ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, জয়পুরহাট ৭৫০টি এবং ২৯ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, ফুলবাড়ী কর্তৃক ১৮৬০ টি সর্ব মোট৩৫৯৯ টি অভিযানে ২,৯৭,৭২,৪৩৫/- টাকার বিভিন্ন ধরনের মালামাল আটক করা হয়। এ সকল অভিযানে ১৬ জন আসামীকে আটক করা হয় এবং ২১৪ টি জিডিমূলে ও ১২ টি নিয়মিত মামলা দায়ের করা হয়। তুলনামূলক পর্যালোচনায় দেখা যায় যে, আগস্ট/২০১৭ মাসের তুলনায় সেপ্টেম্বর/২০১৭ মাসে অভিযানের সংখ্যা, আসামী গ্রেফতার, নিয়মিত মামলা বৃদ্ধি ও জব্দকৃত মালামালের মূল্য হ্রাস পেয়েছে।

সিদ্ধান্ত-১.১.১: চোরাচালান বিরোধী অভিযান ফলপ্রসূ করার লক্ষ্যে অভিযানের পরিমান বাড়াতে হবে এবং তা নিয়মিত মনিটরিং করতে হবে।

সিদ্ধান্ত-১.১.২: সীমান্তপথে যাতে অবৈধ আগ্নেয়াস্ত্র দেশে প্রবেশ করতে না পারে সে জন্য সকল সংস্থাকে রুটিন অভিযান ছাড়াও বিশেষ অভিযান পরিচালনা করতে হবে।

সিদ্ধান্ত-১.১.৩: জেলায় চোরাচালান ও মাদকের সাথে জড়িত চিহ্নিত চোরাকারবারী/গডফাদারদের বিরুদ্ধে ব্যাপক প্রচারণা চালিয়ে জনসচেতনতা সৃষ্টি করে তাদেরকে সামাজিকভাবে বয়কটসহ আইনের আওতায় আনতে হবে।

বাস্তবায়নে: ১। অধিনায়ক, ৪২, ২৯,২০ বিজিবি, দিনাজপুর/জয়পুরহাট।
২। পুলিশ সুপার, দিনাজপুর ।
৩। উপজেলা নির্ব াহীঅফিসার, দিনাজপুর (সীমান্তবর্তী উপজেলাসমূহ)।
৪। ক্যাম্প কমান্ডার, র‌্যাব-১৩, দিনাজপুর।

সিদ্ধান্ত-১.১.৪: মাদকদ্রব্য ও চোরাকারবারীর সহিত জড়িত এরুপ চিহ্নিত গডফাদার পুলিশ কর্তৃক ধৃত হলে যাতে সহজে জামিন না পায় এ বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণের জন্য বিজ্ঞ পি.পিকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে: ১। পুলিশ সুপার, দিনাজপুর।
২। বিজ্ঞ পি.পি, দিনাজপুর।

সিদ্ধান্ত-১.১.৫: মাদক গ্রহণে স্বাস্থ্য ঝুকিঁর বিষয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসহ জনসমাগম এলাকায় প্রচারণা অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে: ১। সিভিল সার্জন, দিনাজপুর।
২। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, দিনাজপুর।
৩। জেলা তথ্য অফিসার, দিনাজপুর।

আলোচ্যসূচি-২: <u>চোরাচালান নিরোধে অন্যান্য বিভাগের কার্য ক্রমপর্য ালোচনা</u>ঃ

চোরাচালান নিরোধকল্পে অন্যান্য বিভাগের কার্য ক্রম ও তৎপরতা বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আগস্ট/২০১৭ মাসে চোরাচালান নিরোধকল্পে বিভিন্ন বিভাগের গৃহীত কার্য ক্রমনিম্নরুপ:

২.১: <u>সেপ্টেম্বর/১৭ মাসে পুলিশ বিভাগ কর্তৃক মাদকদ্রব্য উদ্ধার সংক্রান্ত বিবরণীঃ</u>

আটককারী সংস্থা	মামলার সংখ্যা	জি.ডি'র সংখ্যা	গ্রেফতারের সংখ্যা		বাংলাদেশের ভিতরে উদ্ধারকৃত মালামালের নাম	আনুমানিক মূল্য
			মামলা	জি.ডি'		
পুলিশ বিভাগ	মাদক- ৩২৫	মাদক- নেই	মাদক- ৩৯৭	নেই	চোলাই মদ- ১০৩৫ লিটার হেরোইন- ৯.২৬ গ্রাম ইয়াবা- ২৯৫০ পিস গাঁজা ১৮ কেজি ৮৬৫ গ্রাম	১৪,৩৮,২৫০/-
	চোরা- ৬৮	চোরা- নেই	চোরা- ৬১	নেই	ফেন্সিডিল- ২২৫১ বোতল ইনজেকশন – ২৯ পিস বিদেশী মদ- ০২ বোতল এ্যাম্পল- ২০০ পিস এমকেডিল- ৩৪ বোতল	১১,০৫,২০০/-
মোট=	৩৯৩	-	৪৫৮			২৫,৪৩,৪৫০/-

পর্য ালোচনায়দেখা যায়, বিবেচ্য সেপ্টেম্বর/২০১৭ মাসে পুলিশ বিভাগ কর্তৃক মাদকের-৩২৫ টি, চোরাচালানের ৬৮ টি সহ মোট ৩৯৩ টি মামলা দায়ের করা হয় এবং বিভিন্ন অভিযানে মোট ২৫,৪৩,৪৫০/- টাকার মালামাল আটক করা হয়। আগস্ট/২০১৭ মাসে পুলিশ বিভাগ কর্তৃক মাদকের-২৩৭ টি, চোরাচালানের ৭৫ টি সহ মোট ৩১২ টি মামলা দায়ের করা হয় এবং বিভিন্ন অভিযানে মোট ৩৬,৫০,৩০০/- টাকার মালামাল আটক করা হয়। আগস্ট/১৭ মাসের তুলনায় সেপ্টেম্বর/১৭ মাসের মামলার সংখ্যা, আসামী গ্রেফতার বৃদ্ধি এবং জব্দকৃত মালামালের পরিমাণ হ্রাস পেয়েছে।

সভায় আলোচনা করা হয় যে, মাদক ব্যবহার/বিক্রয়কারীদের পুনর্বাসনেরলক্ষ্যে পুলিশ বিভাগ এবং উপজেলা প্রশাসনের পক্ষ হতে পুনর্বাসনেরকাজ চলমান আছে। মাদকসেবী ও বিক্রেতাদের পুনর্বাসনেরলক্ষ্যে উপজেলা নির্বাহীঅফিসার, দিনাজপুর সদর, বোচাগঞ্জ, ফুলবাড়ী, ঘোড়াঘাট, খানসামা এর নিকট হতে অবৈধ মাদকদ্রব্য ব্যবহার/বিক্রয়কারীদের বিরুদ্ধে কর্মপরিকল্পনা প্রনয়ন সংক্রান্ত পত্র পাওয়া গেছে। অন্যান্য উপজেলা নির্বাহীঅফিসারগণের নিকট হতে তালিকা পাওয়া যায়নি। আগামী সভার পূর্বে তালিকা প্রণয়নপূর্বক কার্যালয়েপ্রেরণের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহীঅফিসারকে পুনরায় অনুরোধ জানানো হয়। সীমান্ত এলাকা দিয়ে অবৈধ অস্ত্র প্রবেশ রোধে এবং মাদকের অনুপ্রবেশ ও অবাধে ক্রয় বিক্রয় রোধে সীমান্তবর্তী এলাকায় সকল স্তরের জনগণকে সম্পৃক্ত করে সভা, সেমিনার তথা সচেতনতামূলক অনুষ্ঠান আয়োজনের জন্য বিজিবি কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়। এ ধরনের অনুষ্ঠানে স্থানীয় ইউপি সদস্য/ চেয়ারম্যান, উপজেলা নির্বাহীঅফিসার, উপজেলা চেয়ারম্যান, পুলিশ সুপার ও জেলা প্রশাসকের উপস্থিতি নিশ্চিত করার জন্যও অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত-২.১.১: যে সকল উপজেলা নির্বাহীঅফিসারগণ মাদকসেবী এবং বিক্রেতাদের পুনর্বাসনেরলক্ষ্যে তালিকা প্রেরণ করেননি তাদেরকে আগামী সভার পূর্বে তালিকা অবশ্যই প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহীঅফিসার, বিরল/কাহারোল/বীরগঞ্জ/চিরিরবন্দর/পার্বতীপুর/বিরামপুর/নবাবগঞ্জ/হাকিমপুর, দিনাজপুর।

সিদ্ধান্ত-২.১.২: মাদকের অনুপ্রবেশ ও অবাধে ক্রয় বিক্রয়রোধে সীমান্তবর্তী এলাকায় সকল স্তরের জনগণকে সম্পৃক্ত করে সভা, সেমিনার তথা সচেতনতামূলক অনুষ্ঠান করতে হবে। অনুষ্ঠানে স্থানীয় ইউপি সদস্য/চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা চেয়ারম্যান, পুলিশ সুপার ও জেলা প্রশাসকের উপস্থিতি নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে: অধিনায়ক, ৪২,২৯,২০ ব্যাটালিয়ন বর্ডারগার্ড, দিনাজপুর/ফুলবাড়ী/জয়পুরহাট।

সিদ্ধান্ত-২.১.৩: চিহ্নিত চোরাকারবারীদের গ্রেফতার করতে অভিযান অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে: ১। পুলিশ সুপার, দিনাজপুর।

২.২: <u>সেপ্টেম্বর/১৭ মাসে র‍্যাব কর্তৃক মাদকদ্রব্য উদ্ধার সংক্রান্ত বিবরণী</u>:

আটককারী সংস্থার নাম	মামলার সংখ্যা	জি.ডি'র সংখ্যা	গ্রেফতারের সংখ্যা		বাংলাদেশের ভিতরে উদ্ধারকৃত মালামালের নাম ও আনুমানিক মূল্য	
			মামলা	জি.ডি'তে		
র‍্যাব	মাদক- ০৭	নেই	১৪	নেই	হেরোইন- ১৫ গ্রাম ইয়াবা- ১২৫৬ পিস গাঁজা-০৪ কেজি ১০০ গ্রাম	৬,৯৩,৪০০/-
	চোরা- ০৩	নেই	০৪	নেই	ফেন্সিডিল- ১০৩ বোতল	৬১,৮০০/-
মোট	১০	নেই	১৮	নেই		৭,৫৫,২০০/-

পর্যালোচনায়দেখা যায়, র‍্যাব কর্তৃক বিবেচ্য সেপ্টেম্বর/২০১৭ মাসে মাদক সংক্রান্ত- ০৭, চোরাচালান- ০৩ সর্ব মোট১০ টি মামলা দায়ের করা হয়। অভিযানে ৭,৫৫,২০০/- টাকার মালামাল জব্দ করা হয় এবং ১৮ জন আসামীকে গ্রেফতার করা হয়। উক্ত সংস্থা কর্তৃক আগস্ট/২০১৭ মাসে মাদক সংক্রান্ত- ১১, চোরাচালান- ০৪ সর্ব মোট১৫ টি মামলা দায়ের করা হয়। অভিযানে ১৫,১১,২০০/- টাকার মালামাল জব্দ করা হয় এবং ২২ জন আসামীকে গ্রেফতার করা হয়। আগস্ট/১৭ মাসের তুলনায় সেপ্টেম্বর/১৭ মাসে মামলা দায়ের এবং আসামী গ্রেফতারসহ জব্দকৃত মালামাল হ্রাস পেয়েছে।

সিদ্ধান্ত- ২.২.১: চোরাচালান ও মাদকের বিরুদ্ধে অভিযান বৃদ্ধিসহ চোরাকারবারী ও মাদক বিক্রেতাদের গ্রেফতারের তৎপরতা জোরদার করতে হবে।

বাস্তবায়নে: কোম্পানি কমান্ডার, র‍্যাব-১৩, দিনাজপুর।

২.৩: সেপ্টেম্বর/২০১৭ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস কর্তৃক পরিচালিত অভিযানের বিবরণী:

অভিযান এর সংখ্যা	মামলার সংখ্যা	গ্রেফতার	পলাতক	মোট আসামী	মালামালের বিবরণ	পরিমাণ	টাকা
৪৭	২৪	২৩	০২	২৫	হেরোইন	৬ গ্রাম	৬০,০০০/-
					ইয়াবা	৩৬০ পিস	১,১৮,৪০০/-
					ফেন্সিডিল	২৪ বোতল	১৮,৯০০/-
					বুপ্রেনরফাইন লুপিজেসিক ইনজেকশন	৮০ এ্যাম্পুল	১৬,০০০/-
					ডায়াজিপাম্প ইনজেকশন	৩৫ এ্যাম্পুল	২,৮০০/-
					গাঁজা	১১০ গ্রাম	১,১০০/-
					তাঁড়ী	২ লিটার	২০০/-
৪৭	২৪	২৩	০২	২৫		মোট	২,৭২,৪০০/-

পর্যালোচনায় দেখা যায়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস কর্তৃক সেপ্টেম্বর/১৭ মাসে ৪৭ টি অভিযানে ২,৭২,৪০০/- টাকার মালামাল উদ্ধার, ২৪ টি মামলা দায়ের ও ২৩ জন আসামীকে গ্রেফতার করা হয়। আগস্ট/১৭ মাসে ৪৫ টি অভিযানে ২,২৭,০৫০/- টাকার মালামাল উদ্ধার, ২৫ টি মামলা দায়ের ও ২০ জন আসামীকে গ্রেফতার করা হয়। আগস্ট/১৭ মাসের তুলনায় সেপ্টেম্বর/১৭ মাসে অভিযানের সংখ্যা, আসামী গ্রেফতার ও জব্দকৃত মালামালের মূল্য বৃদ্ধি এবং মামলা সংখ্যা কিছু হ্রাস পেয়েছে।

সিদ্ধান্ত-২.৩.১: প্রতিটি উপজেলার ইউনিয়ন পর্যায়েমাদক বিরোধী জনসচেতনতামূলক সভা সেমিনার আয়োজন এবং বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে মাদকের কুফল সম্পর্কে সচেতনতা বৃদ্ধি অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে: ১। পুলিশ সুপার, দিনাজপুর।
২। উপজেলা নির্বাহীঅফিসার (সকল), দিনাজপুর।
৩। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, দিনাজপুর।

সিদ্ধান্ত- ২.৩.২: মাদকদ্রব্য চোরাচালানরোধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিসকে অভিযান/তৎপরতা বৃদ্ধি করতে হবে।

বাস্তবায়নে: ১। উপজেলা নির্বাহীঅফিসার (সকল), দিনাজপুর।
২। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, দিনাজপুর।

২.৪: বাংলাদেশ রেলওয়ে পুলিশ বিভাগ কর্তৃক সেপ্টেম্বর'২০১৭ মাসে মাদকদ্রব্য উদ্ধার সংক্রান্ত বিবরণী:

আটককারী সংস্থার নাম	মামলার সংখ্যা	জি.ডি'র সংখ্যা	গ্রেফতারের সংখ্যা		বাংলাদেশের ভিতরে উদ্ধারকৃত মালামালের নাম ও আনুমানিক মূল্য
			মামলা	জি.ডি তে	
বাংলাদেশ রেলওয়ে থানা দিনাজপুর	-	০৫	০২	-	মোট অভিযান-১৫ ১। গত ১৪/০৯/১৭ তারিখে **চিরিরবন্দর রেলওয়ে স্টেশনে** অভিযান পরিচালনা করে কাতান শাড়ী ০৭টি যার আনুমানিক মূল্য ১৭,০০০/- টাকা, ২০০ (দুইশত) প্যাকেট পটকা যার মূল্য ৫,৬০০/- টাকা, ২০০ (দুইশত) টি (Sri Vejai King Cobra) ইংরেজী অক্ষরে লেখা আছে। যার মূল্য ৮,০০০/- টাকা মালিকবিহীন পরিত্যক্ত অবস্থায় উদ্ধার করা হয়। গত ৩০/০৯/১৭ তারিখে **দিনাজপুর রেলওয়ে ষ্টেশনে** নেশা জাতীয় ১০ লিটার চলাই মদ মালিকবিহীন পরিত্যক্ত অবস্থায় উদ্ধার করা হয়। যার মূল্য ৩,০০০/- টাকা। গত ২৫/০৯/১৭ তারিখের দিনাজপুর প্লাট ফরমে হকারী করার সময় সরকারী কাজে বাধা প্রদান করায় ভ্রাম্যমান আদালত কর্তৃক ১জনকে ১মাস বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয় এবং কর্তব্যরত টি,সির মাধ্যমে ১জন যাত্রীর নিকট হতে জরিমানা বাবদ ৪০/- টাকা আদায় করা হয়। ২। গত ২৮/০৯/১৭ তারিখে দিনাজপুর ও চিরিরবন্দর রেলওয়ে স্টেশনে ৪২ পিস ইনজেকশন (বুপ্রেনরফাইন লুপিজেসিক এলপি) জব্দ করা হয়। যার মূল্য ৬,৩০০/- টাকা।
বাংলাদেশ রেলওয়ে থানা পার্ব তীপুর	০৭	-	০৭	-	মোট অভিযান- ১৩ মামলায় ১। ফেনসিডিল- ৩৬ বোতল ৩৬,০০০/- ২। হেরোইন- ১০৭ পুরিয়া ০.৪ গ্রাম ১৬,০০০/- ৩। ইয়াবা ট্যাবলেট- ৪৬৯ পিস ২,৩৪,৫০০/- ৪। গাঁজা- ১০৪ গ্রাম ২,২০০/- ৫। থ্রীপিস — ৫৫ পিস ৫৩,৮০০/- মোট = ৩,৪২,৫০০/-

পর্য ালোচনায়দেখা যায় বিবেচ্য সেপ্টেম্বর/১৭ মাসে রেলওয়ে থানা, দিনাজপুর ১৫ টি অভিযান এবং রেলওয়ে থানা, পার্ব তীপুর কর্তৃক ১৩ টি অভিযানসহ মোট ২৮টি অভিযান পরিচালিত হয়েছে। এ অভিযানে মাদকদ্রব্যসহ ৩,৮২,৪০০ /- টাকার মালামাল উদ্ধার করা হয়েছে। বিগত আগস্ট/১৭ মাসে রেলওয়ে থানা, দিনাজপুর ১৫ টি অভিযান এবং রেলওয়ে থানা, পার্ব তীপুর কর্তৃক ১২ টি অভিযানসহ সর্বমোট ২৭টি অভিযান পরিচালিত হয়েছে। এ অভিযানে মাদকদ্রব্যসহ ৪৮,৭০০/- টাকার মালামাল উদ্ধার করা হয়েছে। বিবেচ্য সেপ্টেম্বর/১৭ মাসে দিনাজপুর রেলওয়ে থানা কর্তৃক বিনা টিকেটে ট্রেনের যাত্রীকে আটক করে ৪০/-টাকা জরিমানা আদায় করা হয়। সভায় আলোচনা করা হয় যে, এক শ্রেণির চোরাচালানকারীরা ট্রেনের চেইনপুলিং ও হোসপাইপ বিচ্ছিন্ন করে ট্রেন থামিয়ে অবৈধ মালামাল উঠানামা করে। এতে সাধারণ যাত্রীদের চলাচলের বিড়ম্বনা ও যানমালের নিরাপত্তা বিঘ্নসহ চোরাচালান বৃদ্ধি পাচ্ছে। এ ধরনের ঘটনারোধে চোরাচালানীদের আটক করে আইনের আওতায় আনার জন্য আইন প্রয়োগকারী সংস্থাসমূকে অনুরোধ করা হয় ।

সিদ্ধান্ত- ২.৪.১: রেলপথে চোরাচালান রোধকল্পে যে সকল উপজেলায় রেলওয়ে স্টেশন রয়েছে সে সকল স্টেশনে বিজিবি/পুলিশ এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের সমন্বয়ে চোরাচালান বিরোধী অভিযান/মোবাইল কোর্ট যৌথ অভিযান/টাস্কফোর্স অভিযান পরিচালনা করতে হবে।

বাস্তবায়নে: ১। অধিনায়ক, ৪২, ২৯, ২০ বিজিবি, দিনাজপুর/জয়পুরহাট ।

২। উপজেলা নির্বাহীঅফিসার, দিনাজপুর সদর/পার্বতীপুর/ফুলবাড়ী /বিরামপুর /হাকিমপুর।

৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা জিআরপি থানা, দিনাজপুর/পার্বতীপুর, দিনাজপুর ।

সিদ্ধান্ত- ২.৪.২: আন্তঃনগর ট্রেনের টিকেট সাধারণ মানুষ যাতে সহজে ক্রয় করতে পারে এবং অহেতুক হয়রানির স্বীকার না হয় সেদিকে নজরদারি করতে হবে। ঢাকাগামী আন্তঃনগর ট্রেনের টিকেট কালোবাজারি রোধে প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।

বাস্তবায়নে: ১। পুলিশ সুপার, দিনাজপুর

২। উপজেলা নির্বাহীঅফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর।

৩। স্টেশন সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ রেলওয়ে, দিনাজপুর।

২.৫ সেপ্টেম্বর/২০১৭ মাসে গবাদি পশুর করিডোরের মাধ্যমে রাজস্ব আদায় বিষয়ে আলোচনা :

গবাদি পশুর করিডোরে রাজস্ব আদায় (বিজিবি কর্তৃপক্ষ): মাসের নাম: সেপ্টেম্বর/২০১৭

ব্যাটালিয়ন	এলাকা	গরু	মহিষ	ছাগল	উট	ঘোড়া	মোট	রাজস্ব আয়
২৯ বর্ডার গার্ড, ব্যাটাঃ ফুলবাড়ী, দিনাজপুর।	-	নাই	নাই	নাই	নাই	নাই	নাই	শুন্য প্রতিবেদন পাওয়া গেছে ।
৪২ বর্ডারগার্ড, ব্যাটাঃ,দিনাজপুর।	খানপুর করিডোর	নাই	নাই	নাই	নাই	নাই	নাই	শূন্য প্রতিবেদন পাওয়া গেছে।
মোট=		নাই	নাই	নাই	নাই	নাই	নাই	নাই

গবাদি পশুর করিডোরে রাজস্ব আদায় (কাস্টমস্ কর্তৃপক্ষ) : মাসের নাম: -সেপ্টেম্বর/ ২০১৭

ক্রঃ নং	পশুর বিবরণ	খানপুর		হরিণমারী		সর্ব মোট		মন্তব্য
		পরিমাণ	রাজস্ব	পরিমাণ	রাজস্ব	পরিমাণ	রাজস্ব	
১।	গরু	নাই	নাই	নাই	নাই	নাই	নাই	শূন্য প্রতিবেদন পাওয়া গেছে।
২।	মহিষ	নাই	নাই	নাই	নাই	নাই	নাই	
৩।	ছাগল	নাই	নাই	নাই	নাই	নাই	নাই	
৪।	উট	নাই	নাই	নাই	নাই	নাই	নাই	
৫।	ঘোড়া	নাই	নাই	নাই	নাই	নাই	নাই	
সর্ব মোট=		নাই	নাই	নাই	নাই	নাই	নাই	

গবাদি পশুর রাজস্ব আদায় সংক্রান্ত সেপ্টেম্বর/১৭ মাসে ৪২ বিজিবি, ২৯ বিজিবি এবং কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক শূন্য প্রতিবেদন পাওয়া গেছে। গবাদি পশুর করিডোর বর্তমানে বন্ধ থাকায় গবাদি পশু আনয়ন বাবদ রাজস্ব আদায় হচ্ছে না মর্মে সভায় জানানো হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মীর খায়রুল আলম)
জেলা ম্যাজিস্ট্রেট
দিনাজপুর
ও
সভাপতি
জেলা চোরাচালান নিরোধ সমন্বয় কমিটি ।